# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪৫টি প্রতিষ্ঠানকে ৩.৯৮ লক্ষ টাকা জরিমানা

**৮ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, শেরপুর, ঝালকাঠি, গোপালগঞ্জ, চট্টগ্রাম, নওগাঁ, সিলেট, পটুয়াখালী, ভোলা, বরিশাল, নাটোর, গাইবান্ধা, ফেনী, মৌলভীবাজার, দিনাজপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে লা বাম্বাকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা করে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে নবাবী সুইটস এন্ড বেকারীকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, ওজনে কারচুপি ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ভাগ্যকুল মিষ্টান্ন ভান্ডারকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৮৫,০০০/- (পঁচাশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের শ্রীবর্দী উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির কাঠালিয়া উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের বোয়ালখালি উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর মান্দা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের জালালাবাদ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেট মহানগরের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,২০০/- (পাঁচ হাজার দুইশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার চরফ্যাশন উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশাল মহনগরের কাউনিয়া থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক আহমেদের নেতৃত্বে নাটোর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের বিরল উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকাসহ মোট **১,৯২,৭০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার সাতশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চিলিস ও বিগ বাইটকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৭টি** বাজার তদারকি ও **২টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৫টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৯৮,৭০০/- (তিন লক্ষ আটানব্বাই হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২৮ নভেম্বর ২০১৬ তারিখে অভিযোগ শুনানীর মাধ্যমে প্রনব কুমার প্রামানিক কর্তৃক ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বাগিচা রেস্তোরা ও চাপ সামলাওকে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, প্রাণী সম্পদ প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, শেরপুর, ঝালকাঠি, গোপালগঞ্জ, চট্টগ্রাম, নওগাঁ, সিলেট, পটুয়াখালী, ভোলা, বরিশাল, নাটোর, গাইবান্ধা, ফেনী, মৌলভীবাজার, দিনাজপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, শেরপুর, ঝালকাঠি, গোপালগঞ্জ, চট্টগ্রাম, নওগাঁ, সিলেট, পটুয়াখালী, ভোলা, বরিশাল, নাটোর, গাইবান্ধা, ফেনী, মৌলভীবাজার, দিনাজপুর।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।